দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 4 .. 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫ ...

137

# বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ শুরু

ময়মনসিংহ হইতে ফিরিয়া রেজানুর রহমান ॥ গতকাল (রবিবার) ১৯৯৯ সালের প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচীর

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## বিনামূল্যে পাঠ্য পুস্তক

(প্রথম পৃষ্ঠার পর)

উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষকদের উদ্দেশে বলা হইয়াছে, ছোট অপরাধ করিয়া বড় অপবাদ কাঁধে নিবেন না। স্কুলে সার্বক্ষণিক সময় দিন। দায়িত্ব পালনে আন্তরিক হোন। দেশের স্বার্থে ঝরিয়া পড়া শিশু-কিশোরদের স্কুলের প্রতি আগ্রহী করিয়া তুলুন। ময়মনসিংহ পুলিশ লাইন সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে আনন্দমুখর পরিবেশে এই অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক আনুষ্ঠানিকভাবে বিনামূল্যে বই বিতরণ কর্মসূচীর উদ্বোধন করেন। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব ডঃ সাদত হুসাইন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ডঃ মোঃ ফজলুল করিম চৌধুরী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। বেগম রওশন এরশাদ এমপি, শামসুল হক এমপি, আলহাজ্ব মোঃ মতিউর রহমান, ময়মনসিংহের পুলিশ সুপার আলহাজ্ব মোঃ লুৎফর রহমান মিয়া প্রমুখ অনুষ্ঠানে বক্তৃতা করেন। সভাপতিত্ব করেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের চেয়ারম্যান শওকত আলী। প্রেস মালিক সমিতির নেতৃবৃন্দ, স্থানীয় গণমান্য ব্যক্তি ও বিভিন্ন স্কুলের ছাত্র-শিক্ষকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেন, প্রাথমিক শিক্ষা হইল শিক্ষা ব্যবস্থার মূল ভিত্তি। অথচ বিগত সরকারসমূহ প্রাথমিক শিক্ষার প্রতি মোটেই নজর দেয় নাই। শিক্ষা ব্যবস্থায় দুর্নীতির কারণে গত ২১ বছরে দেশে শুধু বেকারের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। শিক্ষকদের উদ্দেশে তিনি বলেন, আপনাদের উপর অনেক দায়িত অর্পণ করা হইয়াছে। শুধু প্রাথমিক স্তরে সরকার বছরে আড়াই হাজার কোটি টাকা ব্যয় করিতেছে। অথচ পরিস্থিতি এমন দাঁড়াইয়াছে যে, বিদেশ হইতে শিক্ষক আনিতে হইতেছে। শিক্ষামন্ত্রী বলেন, আপনারা ক্লাসে হাজিরা দেন না এই দুর্নাম এখন আর নাই। তবুও নিজেকে প্রশ্ন করুন। পাঠ্যক্রম সম্পর্কে মতামত দিন। আসুন সকলে মিলিয়া একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় এখন হইতে তৎপর হই।

ডঃ সাদত হুসাইন বলেন, বিনামূল্যে পাঠ্য বই বিতরণের কর্মসূচী শুরু হইল। ফেব্রুয়ারী মাসেও এই কর্মসূচী অব্যাহত থাকিবে। তিনি বলেন, শিক্ষকরা স্কুলে যায় না এই অপবাদ ঠিক না। আমরা খোঁজ নিয়া দেখিয়াছি শতকরা ৯৫ ভাগ শিক্ষক-শিক্ষিকা নিয়মিত স্কুলে সঠিক দায়িত্ব পালন করেন। শিক্ষকদের উদ্দেশে তিনি বলেন, ছোট অপরাধ করিয়া বড় অপবাদ কাঁধে নিবেন না। শিক্ষক স্বল্পতা দূর করার লক্ষ্যে নূতন শিক্ষক নিয়োগ করা হইতেছে। যাহারা নিয়োগ পাইবেন তাহাদেরকে মফস্বলের স্কুলে যোগ্যতা প্রদর্শনের চ্যালেঞ্জ নিতে হইবে।

চলতি বছর প্রায় এক কোটি ৮৫ লক্ষ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর জন্য ৩৩টি বিভিন্ন বিষয়ের উপর ৫ কোটি ৫৪ লক্ষ ৭৯ হাজার ৬১৩টি বই বিতরণের উদ্যোগ নেওয়া হইয়াছে। ইহার জন্য সরকারের ব্যয় হইয়াছে ৫ কোটি ৯১ লক্ষ ৭১ হাজার ৩৭৯ টাকা। গতকাল ময়মনসিংহ পুলিশ লাইন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর ছাত্রী রীয়ার হাতে প্রাথমিক গণিত, আমার বই ও একটি ইংরেজী বই তুলিয়া দেওয়ার মাধ্যমে দেশব্যাপী বই বিতরণ কর্মসূচী শুরু করা হয়। এই ৩টি বইয়ের মধ্যে একটি ছিল পুরাতন বই।